# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

**রাজউক ভবন, ঢাকা-১০০০।**

**www.rajuk.gov.bd**

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগ এবং অধঃস্তন/ নিম্ন আদালতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলায় সরকারি স্বার্থ রক্ষার্থে রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি রাজউকের মামলা পরিচালনার নিমিত্ত "প্যানেল আইনজীবী" নিয়োগের জন্য পেশাদার ও সক্রিয় আইনজীবীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

**যোগ্যতা ও অভিজ্ঞতা :**

ক) আবেদনকারীকে অবশ্যই মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা অথবা নিম্ন আদালতে কমপক্ষে ১০ (দশ) বছরের আইন পেশায়/বিচার বিভাগীয় কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) আবেদনকারীর ঢাকা/নারায়ণগঞ্জ/গাজীপুর জেলার আইনজীবী সমিতির নিয়মিত সদস্যপদ থাকতে হবে।

(গ) শারীরিকভাবে সক্ষম হতে হবে এবং কর্তৃপক্ষের প্রয়োজনে ও নির্দেশনা অনুযায়ী আইনগত কার্যক্রম গ্রহণের জন্য প্রস্তুত থাকতে হবে।

**অন্যান্য শর্তাবলি:**

(১) রাজউকের স্বার্থ আছে এমন কোনো মামলায় রাজউকের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

(২) রাজউকের ওয়েবসাইট (www.rajuk.gov.bd) থেকে নির্ধারিত আবেদন ফরমে আবেদনকারীকে আবেদন করতে হবে।

(৩) আবেদনপত্র আগামী ০৮/১০/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা-১০০০ বরাবর পৌঁছাতে হবে।

(৪) আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে : (ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি, (গ) বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদপত্রের সত্যায়িত কপি।

(৫) আবেদনপত্রের সাথে "চেয়ারম্যান, রাজউক", ঢাকা এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি/অগ্রণী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা থেকে ৭০০/- (সাত শত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

(৬) ইতঃপূর্বে যে সকল আইনজীবী রাজউকে প্যানেল আইনজীবী হিসেবে চুক্তিভিত্তিক নিয়োজিত আছেন তাদের পুনরায় আবেদন করতে হবে। পুনরায় আবেদনপত্র দাখিলের ব্যর্থতায় বিদ্যমান চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এছাড়াও গত ১৬/১২/২০২৫ খ্রি. তারিখে দৈনিক গণমুক্তি, দৈনিক দিনকাল, The Daily NEW AGE এবং ১৭/১২/২০২৫ খ্রি. তারিখে দৈনিক আমার দেশ পত্রিকায় ও ১৮/১২/২০২৫ খ্রি. তারিখে রাজউকের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যে সকল বিজ্ঞ আইনজীবীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে পূর্বে উল্লিখিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর যারা আবেদন করেছেন তাদেরকে বিজ্ঞপ্তির আলোকে পুনরায় আবেদন করতে হবে।

(৭) সাক্ষাৎকার গ্রহণকালীন আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। সাক্ষাতের সময়কাল পরবর্তীতে পত্র/ফোন মারফত অবহিত করা হবে। আবেদনকারী আইনজীবীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

(৮) ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(৯) নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে নির্দিষ্ট ছকে পরিচালক (আইন), রাজউক বরাবর আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

(১০) কোনো মামলার রায় রাজউকের পক্ষে/বিপক্ষে হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরীভিত্তিতে আইন শাখাকে মতামতসহ পত্র দ্বারা অবহিত করতে হবে।

(১১) মামলা সংক্রান্ত বিষয়ে হালনাগাদ তথ্যসহ মামলার তারিখ এবং মামলার সর্বশেষ অবস্থা বিস্তারিতভাবে পরিচালক (আইন) কে পত্র দ্বারা অবহিত করতে হবে।

(১২) মামলা পরিচালনায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীগণ রাজউকের সিডিউল (সরকারি ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) মোতাবেক বিল প্রাপ্য হবেন।

(১৩) প্রয়োজনে রাজউকের বিরুদ্ধে দায়েরকৃত মামলার SF প্রস্তুতকরণে সহায়তা, রাজউক পক্ষে মামলা দায়েরের ক্ষেত্রে ড্রাফটিং (এজাহার ও আরজি) এবং বিভিন্ন নথিতে মতামত প্রদান করবেন।

(১৪) প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল বা স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(১৫) নিয়োগপত্রের শর্তাবলি প্রাধান্য পাবে এবং আবশ্যিকভাবে প্রযোজ্য হবে।

(১৬) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদন অথবা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করবে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত শিথিল/হ্রাস/বৃদ্ধি বা নতুন কোনো শর্ত সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।

০৭.০৯.২০২৬


(মোঃ মাহফুজুল করিম)
পরিচালক (আইন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
ফোন : +৮৮০১৭৩০০১৩৯১৮ (অফিস)
Email: karimmahfuz7@gmail.com


ক-৫৬৫ (৯×৪)